

ইজোরিপ ব্যবহারের গাইডলাইন (দিকনির্দেশনা)

আমাদের কমিউনিটি যেমন www.ejorip.com, ওয়েবসাইটের যেকোন ব্যবহারের ক্ষেত্রে এই দিকনির্দেশনা (গাইডলাইন) আপনি প্রয়োগ করতে পারবেন। আমরা আমাদের ওয়েবসাইটের ব্যবহারকারীদেরকে “আপনি” এবং “আপনার” বলে সম্বোধন করব।

কোম্পানীর দ্বারা আমাদের ওয়েবসাইটের ব্যবহার ইজরিপ কোম্পানী গাইডলাইনের মাধ্যমে নিয়ন্ত্রিত হবে।

১. কখন আপনি একটি পর্যালোচনা লিখতে পারবেন?

১.১ আপনি একটি কোম্পানীর সম্পর্কে ইজরিপে একটি পর্যালোচনা লিখতে পারবেন, যদি আপনার ঐ কোম্পানীর সাথে বিক্রয় বা সার্ভিসের অভিজ্ঞতা থাকে, এখানে ঐ কোম্পানী বলতে বোঝানো হয়েছে:

- আপনি একটি কোম্পানী হতে, একটি সংগঠন, একটি ওয়েবসাইট, ইত্যাদি (কোম্পানীটি) এর একটি পণ্য ক্রয় করেছেন বা সেবা নিয়েছেন।
- ঐ কোম্পানীতে আপনি একটি পণ্য ক্রয়ের ওয়ার্ডার দিয়েছেন বা
- বা আপনি অন্যভাবে কোম্পানীর সেবা নিয়েছেন, সেটা হতে পারে পত্রের মাধ্যমে বা কোম্পানীর সাথে সেবা অভিজ্ঞতার মাধ্যমে।
- নিচে এগুলোর সামষ্টিক কেই “সেবা অভিজ্ঞতা” হিসেবে তুলনা করা হয়েছে।

১.২ আপনি কেবল মাত্র আপনার ব্যক্তিগত সেবা অভিজ্ঞতার কথা লিখতে পারবেন। আপনি অন্য কারো সেবা অভিজ্ঞতার বিষয়ে পর্যালোচনা লিখতে অনুমোদিত নন। যেমন আপনার কোন পরিবারের সদস্য বা আপনার কোন বন্ধুর সেবা অভিজ্ঞতার কথা লিখতে পারবেন।

১.৩ আপনি পূর্বে মালিক ছিলেন এমন কোন কোম্পানীর সম্পর্কে পর্যালোচনা লিখতে পারবেন না, যার মালিকানা এখন আপনার পরিবারের অন্য কোন সদস্যের বা আপনি সেই কোম্পানীর নির্বাহী বা কর্মকর্তা বা সেই কোম্পানীতে কোন কাজ করেন। অনুরূপভাবে, আপনি এমন কোন সরাসরি প্রতিদ্বন্দ্বীদের বিষয়ে পর্যালোচনা লিখতে পারবেন না যে ঐ কোম্পানীতে কাজ করে বা চাকুরি করে।

১.৪ সেই কোম্পানীতে আপনার সার্ভিসের অভিজ্ঞতা হতে হবে গত ১২ মাসের মধ্যে। এর অর্থ হলো আপনার পর্যালোচনা লেখার ১২ মাসের মধ্যে হতে হবে। যদি আপনি চলমান সার্ভিসের জন্য সাইনআপ করেন, সাইন আপের পর হতে কেবলমাত্র সেবা অভিজ্ঞতা শুরু হয়েছে এবং কোম্পানী সর্বস্বত্ব করা পর্যন্ত চলতে থাকবে। সাইন আপের পরে তাৎক্ষণিক পর্যালোচনা লেখার ক্ষেত্রে আপনি মুক্ত বা সেবা শেষ হওয়ার ১২ মাসের মধ্যে যেকোন পয়েন্টে।

১.৫ ইজরিপে একটি পর্যালোচনা লিখতে আপনাকে অবশ্যই একটি প্রোফাইল একাউন্ট থাকতে হবে। আপনি কেবল মাত্র একটি একাউন্টের বা প্রোফাইলের মালিক হতে পারবেন। এখানে অবশ্যই একটি বৈধ ইমেইল ঠিকানা যুক্ত করতে হবে যাতে আমরা আপনার সাথে সরাসরি যোগাযোগ করতে পারি।

২. আপনার কি বিষয়ে লেখা উচিত?

২.১ আপনার পর্যালোচনা অবশ্যই হওয়া উচিত সেবা অভিজ্ঞতার উপর।

২.২ গত ১২ মাসের আপনার সেবা অভিজ্ঞতার একটি প্রতিচ্ছবি ফুটে উঠবে আপনার পর্যালোচনা এ। আপনার সার্ভিস অভিজ্ঞতা সাথে সম্পর্কিত পয়েন্টের বিষয়ে, প্রকৃত এবং নির্দিষ্ট বিষয়ে পর্যালোচনা লেখার প্রতি আপনাকে উৎসাহিত করা হচ্ছে। উদাহরণ সরূপ, কাস্টমার সেবা এবং অন্যান্য দৃষ্টিভঙ্গি যেমন ওর্ডার প্রক্রিয়া এবং সরবরাহ প্রক্রিয়া।

২.৩ আমাদের ওয়েবসাইট শুধুমাত্র সেবা পর্যালোচনা এর জন্য, কোন পণ্য পর্যালোচনা বা ওয়েবসাইটের লেআউট সম্পর্কিত নয়। যাহোক, ক্রয়কৃত পণ্যের মান এবং কাজের মূল্যায়ন করাটা গ্রহণযোগ্য এবং/বা ওয়েবসাইটের বন্ধুভাবাপন্ন ইউজার- আপনার পর্যালোচনাও আপনার সেবা অভিজ্ঞতার সাথে উল্লেখ করা হবে।

২.৪ যদি কোম্পানী আপনাকে পর্যালোচনা লেখার জন্য ইনসেন্টিভ (উৎসাহ প্রদত্ত অর্থ) দেওয়ার প্রস্তাব দেওয়া হয় তবে আপনি আপনার পর্যালোচনায়ে সেই ইনসেন্টিভের তথ্য উল্লেখ করবেন। সেই সাথে আপনার ওয়েবসাইটে পর্যালোচনা লেখার জন্য যদি কোম্পানী আপনাকে কোন ইনসেন্টিভ, উপহার, পুরস্কার, ছাড় বা অন্যকোন সুবিধা দেওয়া হয় তবে সে তথ্যও আপনি সেখানে উল্লেখ করবেন।

৩. কখন আমরা আপনাকে আপনার সেবা অভিজ্ঞতা প্রমাণের জন্য ডাকব? এবং আপনাকে এর প্রমাণে আমাদের নিকট কি প্রেরন করতে হবে?

যদি আমরা আপনার পর্যালোচনা যাচাই করার প্রয়োজন মনে করি তবে আমরা আপনার সাথে যোগাযোগ করব এবং আপনার ঐ কাগজপত্র গুলো তলব করব যাতে আপনার সেবা অভিজ্ঞতার প্রমাণ বহন করে এবং ঐ কোম্পানী সম্পর্কে যার পর্যালোচনা করেছেন। তাই পর্যালোচনায়ে পর হতে ১২ মাস পর্যন্ত সেই ডকুমেন্টগুলো সংরক্ষণ করার পরামর্শ দিচ্ছি।

আমরা আপনার প্রেরিত ডকুমেন্টগুলো/কাগজপত্রগুলো কোন তৃতীয় পক্ষের নিকট শোয়ার/ভাগাভাগি করব না, এমনকি আপনার পর্যালোচিত কোম্পানির সাথেও না। যাহোক, আমরা আপনার রেফারেন্স নম্বরটি কোম্পানীতে পাস করতে পারি, যদি আপনি আমাদেরকে না করতে বলুন। আপনার কাগজপত্র সহ আপনার ব্যক্তিগত তথ্য আমরা কিভাবে প্রক্রিয়া করি এটা আমাদের গোপনীয়তা নীতির বর্ণনায়।

৪. কখন আপনি আপনার পর্যালোচনা এডিট (সম্পাদন/সংশোধন) করতে পারবেন?

আপনি যে কোন সময় আপনার পর্যালোচনা নবায়ন (আপডেট) বা এডিট করতে পারবেন। দেখুন কিভাবে তা করা যায়।

৫. কখন আমরা আপনাকে আপনার পর্যালোচনা পরিবর্তন করতে বলব?

৫.১ পর্যালোচনা প্রকাশিত হওয়ার পর বা পূর্বে আমরা আপনার ওয়েবসাইটে সমালোচনা, পর্যবেক্ষণ বা মডারেট করি না। যাহোক, আমরা দুই সেট নিরাপত্তাগার্ড নিয়োগ দেই।

• নির্দিষ্ট বিষয়বস্তু, যেমন অমার্জিত ভাষা বা লিংক এর জন্য আমরা সয়ংক্রিয় যাচাই পরিচালনা করি।

• প্রতিটি পর্যালোচনা এর সাথে সংযোগের জন্য আমরা ওয়েবসাইটের দুটি নোটিফিকেশন অপশন সংযুক্ত করেছি: ১) আমরা ইউজার হতে প্রেরিত নোটিফিকেশন গ্রহণ করতে পারব, যা একটি পর্যালোচনা আমাদের গাইডলাইনের সাথে মিলে যাবে না, এবং ২) কোম্পানী একটি পর্যালোচনায়ে রিপোর্ট করতে পারবে যা, আমাদের গাইডলাইনের সাথে মিলে যাবে না। সমষ্টিগতভাবে, আমরা পর্যালোচনা নোটিফিকেশন এবং রিপোর্টিং এর জন্য এই দুটি অপশনকে কল করে থাকি “ফ্লাগিং”.

৫.২ নিম্নলিখিত কারণগুলোর কোন কারণে যদি ফ্লাগড হয়ে থাকে তবে আপনাকে আপনার পর্যালোচনা পরিবর্তনের জন্য বলা হবে। এবং আমরা একমত যে ভিত্তিহীন হিসেবে এই রিপোর্ট প্রত্যাখ্যান করতে পারবেন না:

- যদি আপনার পর্যালোচনায় ভাষা অভিযোগাত্মক, জ্বালাময়ী, মানহানিকর বা এরূপ কোন প্রভাব থেকে থাকে এবং তা আমাদের গাইডলাইন বা প্রয়োগযোগ্য আইন ভঙ্গ হয়।
- আপনার পর্যালোচনাএর বিষয়বস্তু যদি হিংসাত্মক, খারাপ ভাষা, যৌনবিষয়ক বা জাতিগত সংঘাতের উপর হয়ে থাকে।
- আপনার পর্যালোচনা যদি শুধুমাত্র নৈতিক বা রাজনৈতিক মতানৈক্যের হয়ে উপস্থিত হতে পারে এটি সেবা অভিজ্ঞতার বিরোধী।
- আপনার পর্যালোচনায়ের সাথে ব্যক্তিগত তথ্য অন্যকারো ব্যক্তিগত তথ্যের, যেমন কোন ব্যক্তির নাম, ঠিকানা, ফোন নম্বর, ই-মেইল ঠিকানা, ক্রেডিট কার্ড তথ্য বা অন্য যে কোন তথ্য যা অন্যকারো চিন্তিত করা বা ট্রাক করার ক্ষেত্রে ব্যবহৃত হতে পারে এমন কোন ব্যক্তির তথ্য।
- আপনার পর্যালোচনায়ের সাথে প্রচারমূলক রেফারেন্স (লিংক সহ) অন্য কোন কোম্পানীর বা ওয়েবসাইটের হয়ে থাকলে যা আপনার সেবা অভিজ্ঞতার সাথে সম্পর্কিত।
- আপনার পর্যালোচনাএর বিষয়বস্তু ব্যক্তিগত ইমেইল ঠিকানা বা লিংক বা,
- আপনার পর্যালোচনাটি একটি সেবা অভিজ্ঞতার বিষয়ে পর্যালোচনা না হলে কারণ এটি একচেটিয়াভাবে ওয়েবসাইট লেআউটের বা ক্রয়কৃত পণ্যের কার্যকারিতার বর্ণনা হলে।

৬. কখন আমরা আপনার পর্যালোচনা সরিয়ে দিব?

একটি সাধারণ রুল হল আমরা আমাদের ওয়েবসাইট হতে আপনার পর্যালোচনা সরাবো না। যাহোক, আপনার পর্যালোচনা সরিয়ে ফেলার অধিকার আমাদের আছে। যখন আমরা এটা নির্ধারণ করতে পারব যে, আপনার পর্যালোচনাটি এই গাইডলাইন, আমাদের শর্তাবলী, প্রয়োগযোগ্য আইন ভঙ্গ করে ও অনলাইন পর্যালোচনা কমিউনিটির জন্য অনুপযুক্ত। উদাহরণ স্বরূপ আমরা আপনার পর্যালোচনা নিম্নলিখিত সময়ে সরিয়ে দিব যা আমাদের সীমাবদ্ধ নয়:

- আমরা আপনাকে আপনার পর্যালোচনা পরিবর্তনের কথা বলার পর সময়সীমার মাঝে আপনি তা পরিবর্তন না করলে।
- আমরা আপনার নিকট সেবা অভিজ্ঞতার কাগজ পত্র ও ঐ কোম্পানীর কাগজপত্র তলব করার পর (রুলস ও অনুযায়ী) আপনি যদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে সেই কাগজপত্র দিতে না পারেন।
- যদি আপনার পর্যালোচনাটি মূল সেবা অভিজ্ঞতার উপর প্রদর্শন করা না হয় (এটি একটি ফ্যাব্রিকেটেড পর্যালোচনা, রুলস ১১ দেখুন)
- আপনার পর্যালোচনাটি যদি আরোপিত কর বা জরিমানা সম্পর্কিত হয়।
- যদি আপনার পর্যালোচনাটি অন্য কোন ব্যক্তির বা কোম্পানীর অধিকারে বিঘ্ন ঘটায়, সেই সাথে বিঘ্ন ঘটায় মেধা সম্পত্তি অধিকার, গোপনীয়তার অধিকার ব্যক্তিত্বের অধিকারের।

- আপনার পর্যালোচনাটি যদি মার্কেটিং ধরণের বা মার্কেটিং এর উদ্দেশ্যে হয়ে থাকে।
 - আপনি যার সম্পর্কে পর্যালোচনা দিয়েছেন আপনি যদি তার প্রতিদ্বন্দ্বী হয়ে থাকেন।
 - আপনার দেওয়া পর্যালোচনাকৃত কোম্পানীর আপনি একটি কর্মচারী (যার জন্য আপনি কাজ করেন), বা পূর্বে আপনি ঐ কোম্পানীর মালিক ছিলেন, বা আপনি ঐ কোম্পানীর একজন নিবাহী, বা ঐ কোম্পানীর মালিকের একটি পরিবারের সদস্য।
 - যদি আপনি একই কোম্পানির বিভিন্ন সময়ে পর্যালোচনায়ের জন্য একটি ভিন্ন প্রোফাইল খুলে থাকেন।
 - আমরা আপনার প্রোফাইল ডিলিট করে ফেলব (রুলস ৮ দেখুন) তার মানে একই সাথে আপনার সংযুক্ত কাগজপত্র এবং আপনার পর্যালোচনা এবং আপনার প্রোফাইল সব ডিলিট হয়ে যাবে।
- * আমাদের শর্তাবলী লক্ষ্য করুন।

৭. কখন আমরা আপনার একাউন্ট ব্লক করব এর অর্থই বা কি?

যদি আপনি আমাদের ওয়েবসাইটের বা সার্ভিসের অসৎ ব্যবহার করেন তাহলে আমরা আপনার একাউন্ট ব্লক করে দিতে পারি। যেমন আপনার অত্যধিক নোটিফিকেশন অপশনের ব্যবহার, (কোন প্রকার বিচার বিশ্লেষণ ছাড়াই অধিক বার নোটিফিকেশন পাঠানো), ফেব্রিকোট পর্যালোচনা লেখা, হুমকি দেওয়া বা অবমানবাকর আচরণ, (রুলজ ১২ দেখুন), মার্কেটিং মেটেরিয়ারের সাথে আমাদের ওয়েবসাইটের স্পামিং করা, বা এই গাইডলাইন এর শর্ত ভঙ্গ করা।

যদি আমরা আপনার একাউন্ট ব্লক করে দেই, তাহলে আপনি আমাদের ওয়েবসাইটে প্রবেশ করতে পারবেন না এবং তা ব্যবহার করতে পারবেন না এবং আমাদের সেবা পেতে পারবেন না। সেই সাথে পর্যালোচনা সম্পর্কে আমাদেরকে কোন নেটিশ পাঠাতে পারবেন না। আপনার ইউজার প্রোফাইল তখনও থাকবে এবং আপনার পর্যালোচনা ওনলাইনে থাকবে কিন্তু আপনার তার সেবা পাবেন না। এমতাস্থায় আপনি যদি আপনার একাউন্ট বা পর্যালোচনা ডিলিট করতে চান তবে আপনি এই ই-মেইল ঠিকানায় একটি ই-মেইল করুন support@ejorip.com আপনাকে সহযোগিতা করা হবে।

৮. কখন আমরা আপনার প্রোফাইল এবং একাউন্ট ডিলিট করব?

একটি সাধারণ আইন হল আমরা আপনার একাউন্ট এবং প্রোফাইল ডিলিট করব না। যাহোক, আমরা আপনার একাউন্ট এবং প্রোফাইল উভয় ডিলিট করার অধিকার রাখি যদি আমরা এটা বিশ্বাস করি যে, আপনার একাউন্টটি বা আপনি আমাদের এই গাইডলাইনের শর্ত ভঙ্গ করছেন এবং প্রয়োগযোগ্য আইনের ভঙ্গ করছেন, বা আপনার প্রোফাইল যদি আক্রমণাত্মক হয় বা অনুপযুক্ত হয়। উদাহরণ, কখন আমরা আপনার একাউন্ট প্রোফাইল ডিলিট করতে পারব:

- যদি আপনার দ্বারা সংযুক্ত ই-মেইল ঠিকানাটি বৈধ না হয়, বা আপনার প্রদত্ত ই-মেইল ঠিকানাটির মেয়াদ শেষ হয়ে যায় বা আপনি যদি আপনার ই-মেইল ঠিকানায় দীর্ঘ সময় প্রবেশ করতে না পারেন। আপনাকে আমাদের ওয়েবসাইটে সাইন আপ করতে একটি ব্যক্তিগত ও স্থায়ী ই-মেইল ঠিকানার প্রয়োজন হবে কারণ এর দ্বারা আমরা আপনার সাথে যোগাযোগ করব। এর অর্থ হল আমরা আপনার কোন পরিত্যাজ্য বা সাময়িক ই-মেইল ঠিকানা গ্রহণ করব না। যদি আপনি এরূপ কোন ই-মেইল ঠিকানার মাধ্যমে আপনার একাউন্ট খুলে ফেলেন তখন আমরা আপনার একাউন্ট বা প্রোফাইলটি ডিলিট করব।

- আপনার ইউজার প্রোফাইলে কোন আক্রমণাত্মক বা অনুপযুক্ত ছবি বা এরূপ ইউজারনেইম ব্যবহার করলে।
- যদি আপনার ই-মেইল ঠিকানাটি কোন ফেব্রিক্রেটেড পর্যালোচনা বা অন্যকোন ভাবে আমাদের ওয়েবসাইটে বা সার্ভিসে অপব্যবহার করা হয়ে থাকে।
- যদি আপনি অনেকগুলো প্রোফাইল খুলে থাকেন। ইজরিপে আপনি মাত্র একটি প্রোফাইল খুলতে পারেন। যদি আপনি একাধিক প্রোফাইল খুলে থাকেন তবে আপনার কাছে জানতে চাওয়া হবে যে আপনি কোন প্রোফাইলটি রাখতে চান বাকি গুলো ডিলিট করতে হবে। যদি আপনি নির্দিষ্ট সময়ের মধ্যে কোন জবাব না দেন তবে তবে আমাদের নিকট বর্ণিত আপনার একটি প্রোফাইল আমরা রাখবো বাকিগুলো ডিলিট করে দিবো।

৯. নোটিফিকেশন ফাংশনের অপব্যবহার

সকল ইজরিপ ইউজারগন আমাদের জানাতে পারেন ঐ সকল পর্যালোচনা গুলো সম্পর্কে যারা এই গাইডলাইনের নির্দেশনাগুলো লঙ্ঘন করে। যাহোক, আমাদের চুক্তি বা শর্তাবলী ভঙ্গের বিষয়ে আমরা নোটিফিকেশন গুলোর বিবেচনা করব।

অপব্যবহারের উদাহরণ:

- কোম্পানীর ইতিবাচক পর্যালোচনাগুলোর বিষয়ে আপনার প্রদত্ত পর্যালোচনা ভিত্তিহীন বা ভুল নোটিফিকেশন দিয়েছেন যে আপনি এখান হতে নেতিবাচক সেবা অভিজ্ঞতা অর্জন করেছেন।
- কোম্পানীর নেতিবাচক পর্যালোচনাগুলোর বিষয়ে আপনার প্রদত্ত পর্যালোচনা ভিত্তিহীন বা ভুল নোটিফিকেশন দিয়েছেন যে আপনি এখান হতে ইতিবাচক সেবা অভিজ্ঞতা অর্জন করেছেন। বা আপনার বিশেষ কোন সম্পর্ক রয়েছে।
- একই পর্যালোচনা সম্পর্কে বারবার নোটিশ করা যখন এটা আমাদের অভ্যন্তরীণ ভাবে মূল্যায়ণ করা হচ্ছে।

১০. কখন আমরা আপনার পর্যালোচনা কোম্পানীর প্রোফাইল হতে অন্যত্র সরিয়ে নিব?

সাধারণ রুল হল আমরা কোন কম্পানীল রুলকে অন্যত্র সরিয়ে নিব না। কিন্তু যদি কোন কোম্পানী বা অন্য কোন ব্যক্তি আমাদের জানায় যে আপনি যে পর্যালোচনাটি দিয়েছেন তা ঐ কোম্পানী সম্পর্কিত নয় তখন আমরা আপনাকে আপনার উদ্দেশ্য সম্পর্কে জিজ্ঞাসা করব। যদি আপনি আপনার পর্যালোচনাটি কোন ভুল কোম্পানীর প্রোফাইলে দিয়ে থাকেন, তাহলে আমরা আপনার পর্যালোচনাটি সঠিক কোম্পানীর প্রোফাইলে সরিয়ে নিব আমাদের ওয়েবসাইটে।

আমরা আপনার পর্যালোচনা সরিয়ে অন্য কোন কোম্পানীর প্রোফাইলে দেওয়া অধিকার রাখি, যখন একটি কোম্পানী অন্য কোন নামে রিব্রান্ড করতে থাকে। আর এটা এজন্য যে যাতে সন্দেহ দূর হয়ে যায়।

১১. ফেব্রিক্রেটেড পর্যালোচনা / বিকৃত পর্যালোচনা

আমাদের লক্ষ্য হলো অনলাইন ভিত্তিক একটি উত্তম পর্যালোচনা কমিউনিটি তৈরি এবং রক্ষণাবেক্ষণ করা যেখানে আপনি মুক্তভাবে আপনার সেবা অভিজ্ঞতা শেয়ার করতে পারবেন এবং সেই কোম্পানীর সম্পর্কে আপনার অভিজ্ঞতা শেয়ার করতে পারবেন। যেখানে কোম্পানিটি ও তার সেবা সম্পর্কে একটি তথ্যবহুল এবং একটি সঠিক ভিউ ফুটে উঠে।

আপনার প্লাটফর্মের উপর বিকৃত পর্যালোচনা চিনিহত করার জন্য আমরা ব্যবহার করছি একটি কাস্টমাইজড এবং এডভান্সড নির্ণয়ক সফটওয়্যার। আমাদের এই সফটওয়্যারটি সমর্থন দিতে একটি স্বউৎসাহী দল রয়েছে, যারা প্রতারণাপূর্ণ আচরণের মত অপব্যবহারের ক্ষেত্রে আমাদের প্লাটফর্মে একজন সেইফগার্ড হিসেবে কাজ করবেন।

বিকৃত পর্যালোচনার বিরুদ্ধে আমাদের রয়েছে জিরো - টলারেন্স নীতি। বিশ্বস্ততা আমাদের নিকট একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয় এবং আমরা কোন অবস্থাতেই এই বিকৃত পর্যালোচনা কে সমর্থন করব না। আর এর দ্বারা এমন পর্যালোচনা গুলো সামিল যা মূল সেবা অভিজ্ঞতার প্রকাশ করে না। যেমন, কোন ব্যক্তি কোন প্রকার ফেইক আইডি খুলে সেটা নিজে হোক বা কারো পক্ষে হোক।

এধরণের বিকৃত পর্যালোচনাকে আমরা আমাদের ওয়েবসাইটের শর্তভঙ্গ বা সীমালঙ্ঘন হিসেবে বিবেচনা করব।

আমরা যে পর্যালোচনা গুলো ভুল, বিকৃত বলে গণ্য করব, সেই পর্যালোচনাগুলো সরিয়ে দিবো এবং যতদ্রুত সম্ভব আপনার একাউন্ট ব্লক করে দিব, এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে একটি রিপোর্ট পূরণ করে রাখবো।

যদি আপনার নিকট এ রকম কোন প্রমাণ থাকে যে, কোন পর্যালোচনা এরূপ বিকৃভাবে করা হয়েছে, তাহলে আপনাকে আমরা উৎসাহিত করব আমাদেরকে যতদ্রুত সম্ভব জানানোর প্রতি একানে আমাদের জানানোর ই-মেইল ঠিকানা হল: support@ejorip.com

আমরা বিকৃত পর্যালোচনা সম্পর্কিত সকল রিপোর্ট সম্পর্কে খুবগুরুত্বের সাথে কথা বলি এবং তাদের তদন্ত করি। এটা খুব সহজ কাজ নয়, আমরা আপনার কাছে তলব করব তাদের কাগজপত্র সহ যত সকল তথ্য, কেন আপনি তার এই পর্যালোচনাকে বিকৃত বলে মনে করছেন।

১২. ইজরিপ কর্মচারী বা কোম্পানীল বিরুদ্ধে হুমকি

আমরা আমাদের ইজরিপ কর্মীদের প্রতি অপব্যবহার বা হুমকি বরদাস্ত করব না। কখনো আমাদের ইউজার কর্তৃক অন্যদের হুমকি দেওয়া বা ব্লকমেইল করাও আমরা সহ্য করব না। এতে যুক্ত হবে ইজরিপ ইউজারদের পর্যালোচনা ডিলিট বা ইডিট করার জন্য ক্ষতিপূরণ হিসেবে তাদের নিকট টাকা চাওয়া।

এরূপ ক্ষেত্রে কোন ভাবেই সহ্য করব না বরং এসকল ক্ষেত্রে আমরা তাদেরকে ইজরিপ এবং ইউজার শর্তভঙ্গকারী হিসেবে বিবেচনা করব। এমন ঘটলে আমরা আপনাদের একাউন্ট ব্লক সহ দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে রিপোর্ট পূরণ করব।

১৩. বলবৎকরণ/প্রবর্তন

ব্যবসা বা ইউজারের একটি নিখুত এবং মুক্ত অনলাইন অভিজ্ঞতা সর্বরাহ করতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ। আমরা সাধারণত অনলাইন ইন্ডাস্ট্রি পর্যালোচনা এবং আমাদের পর্যালোচনা কমিউনিটির সম্পর্ক রক্ষার দিকে ভালোভাবে কাজ করি। সেই সাথে বিশ্বস্ততার সংস্কৃতি এবং স্বচ্ছতার সাথে ঐ ব্যবসায়ী এবং ইউজারদের যারা পর্যালোচনার মাধ্যমে কাস্টমার সেবার মান উন্নয়নে কাজ করে, উদযাপন করে থাকি। এবং যারা অনলাইনের পরিবেশ স্বচ্ছতা, এবং ভিত্তি মুক্ত রাখতে কাজ করে।

আমরা এই গাইলাইন প্রয়োগের অধিকার রাখি যদি আমরা জানতে পারি যে, কেউ এই গাইডলাইনের লঙ্ঘন করেছে, বা প্রয়োগযোগ্য আইন ভঙ্গ করেছে। অনুরূপ ভাবে আমরা প্রয়োগ করব যদি আমরা এটা দেখি এবং বিশ্বাস করি যে, কেউ অনুরূপ অনুপযুক্ত কাজ করেছে।

১৪. প্রশ্ন, আরো তথ্য প্রয়োজন্য বা প্রতিক্রিয়া আছে?

আমাদের ওয়েবসাইট যুক্ত করেছে একটি সাপোর্ট সেন্টার যেখানে আপনি ব্যপকভাবে আমাদের সেবা এবং এই গাইডলাইন সম্পর্কে জানতে পারবেন।

আমাদের সেবা এবং এই গাইডলাইন সম্পর্কে আপনার প্রশ্ন এবং প্রতিক্রিয়া আমরা সাদরে গ্রহন করব।
অনুগ্রহপূর্বক আমাদের নিকট ইমেইল করুন- support@ejorip.com

১৫. এই গাইডলাইনের পরিবর্তন:

আমরা যেকোন সময় কোন প্রকার নোটিশ নাদিয়ে আমরা এই গাইডলাইন পরিবর্তন করতে পারি। আমরা আমাদের ওয়েবসাইটের মাধ্যমে আপনাকে আমাদের যে কোন ধরনের পরিবর্তন সম্পর্কে জানাবো। আমাদের গাইডলাইন বা সংবিধানের নতুন ভার্সন যা আমরা সংশোধনের পর ওয়েবসাইটে পোস্ট করব তা এবং আমাদের ওয়েবসাইট আপনার চলমান ব্যবহারের প্রতি আপনার একমত হতে হবে।